

At Website
✓

স্বজনশীল বাংলাদেশ



বাংলাদেশ শিল্পকলা একাডেমি

সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়
চৌহাদী, সিরাজগঞ্জ

ডকেট নম্বর: ৮২৯

তারিখ: ২৪/০৯/২০২৩

উপজেলা নিবাহী অফিসার

তারিখ: ১৯-০৯-২০২৩ খ্রিঃ

৪৩.২০.০০০০.০০৬.২৩.২২.৫২৬

বিষয় : গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর ৭৭তম জন্মদিন উদ্‌যাপন উপলক্ষে দেশব্যাপী শিশু, কিশোর ও যুবদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতা আয়োজন।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি'র আয়োজনে চারুকলা বিভাগ, জেলা শিল্পকলা একাডেমি এবং উপজেলা শিল্পকলা একাডেমি'র ব্যবস্থাপনায় গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর ৭৭তম জন্মদিন উদ্‌যাপন উপলক্ষে দেশব্যাপী শিশু, কিশোর ও যুবদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতা আয়োজন করা হবে। প্রতিযোগিতার বিষয় ক বিভাগ:- "বাংলাদেশ ও শেখ হাসিনা", খ বিভাগ:- "উন্নয়নের মহাকবি ও মানবতার মা", গ বিভাগ:- "স্মার্ট বাংলাদেশের রূপকার জননেত্রী শেখ হাসিনা"।

প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে উপজেলা, জেলা ও ঢাকা মহানগরের শিশু, কিশোর এবং যুবদের অংকিত চিত্রকর্ম আগামী ০৮ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় সরাসরি/ডাক/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রাথমিক পর্যায়ে উপজেলা, জেলা ও মহানগর হতে প্রাপ্ত চিত্রকর্মসমূহ বাছাই করে জাতীয় পর্যায়ে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় আমন্ত্রণ জানানো হবে।

১৬" x ১১" সাইজের কাগজে রং পেনসিল, পোস্টার রং, প্যান্টেল রং ও জল রংসহ যে কোন মাধ্যমে ছবি অংকন করা যাবে। অংকিত ছবির পিছনে শিল্পীর নাম, ঠিকানা, বিভাগ এবং মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে। ক বিভাগ:- প্রথম থেকে পঞ্চম শ্রেণি, খ বিভাগ:- ষষ্ঠ থেকে দশম শ্রেণি, গ বিভাগ:- একাদশ থেকে দ্বাদশ শ্রেণি। ১টি প্রাপ্ত পুরস্কারসহ উপজেলা, জেলা ও ঢাকা মহানগর পর্যায়ে মোট ৭৭টি পুরস্কার প্রদান করা হবে।

গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর ৭৭তম জন্মদিন উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত দেশব্যাপী শিশু, কিশোর ও যুবদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতা আয়োজনে আপনাদের সার্বিক সহযোগিতা আন্তরিকভাবে প্রত্যাশা করা হচ্ছে।

ধন্যবাদসহ

জেলা প্রশাসক
(সকল জেলা)

(সিরাহত আলী হাকী)
মহাপরিচালক

অনুদ্বিপি (কার্যার্থে বিতরণ) :

- ১। উপজেলা নিবাহী কর্মকর্তা, (সকল উপজেলা)।
- ২। উপজেলা শিক্ষা অফিসার, (সকল উপজেলা), (শিক্ষার্থীদের মাঝে বহুল প্রচারের অনুরোধসহ)।
- ৩। জেলা কাশাচারাল অফিসার / দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/সাধারণ সম্পাদক, (সকল জেলা)।

বিঃদ্রঃ ছবি আঁকার ক্ষেত্রে পত্র উল্লিখিত ১৬" x ১১" সাইজের কাগজ ব্যবহার করতে হবে। অন্যথায় চিত্রকর্ম বাতিল বলে পরিগণিত হবে। চিত্রকর্ম কোনভাবেই ভাঁজ করে প্রেরণ করা যাবে না।

(প্রয়োজনে -০১৫৫২৩১২৫৪২, ০১৯১৪৮৫৪৮১২, ০১৭৫৬৭২৮০৯৯, ০১৫৫২৩১৩৭৬১)